# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪১৪

৩৩/ শাস্তির বিধান (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৩২. অসুস্থ ব্যক্তির উপর হদ লাগানো সম্পর্কে।

باب فِي إِقَامَةِ الْحَدِّ عَلَى الْمَرِيضِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنْ أَبِي جَمِيلَةَ، عَنْ عَلِيٍّ، رضى الله عنه قَالَ فَجَرَتْ جَارِيَةٌ لآلِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " يَا عَلِيُّ انْطَلِقْ فَأَقِمْ عَلَيْهَا الْحَدَّ " . فَانْطَلَقْتُ فَإِذَا بِهَا دَمٌ يَسِيلُ لَمْ يَنْقَطِعْ فَأَتَيْتُهُ فَقَالَ " يَا عَلِيُّ أَفَرَغْتَ " . قُلْتُ أَتَيْتُهَا وَدَمُهَا يَسِيلُ . فَقَالَ " دَعْهَا حَتَّى يَنْقَطِعَ دَمُهَا ثُمَّ أَقِمْ عَلَيْهَا الْحَدَّ وَأَقِيمُوا الْحُدُودَ عَلَى مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ " . قَالَ أَبُو دَاوُدَ وَكَذَلِكَ رَوَاهُ أَبُو الأَحْوَصِ عَنْ عَبْدِ الأَعْلَى وَرَوَاهُ شُعْبَةُ عَنْ عَبْدِ الأَعْلَى فَقَالَ فِيهِ " لاَ تَضْرِبْهَا حَتَّى تَضَعَ " . وَالأَوَّلُ أَصَحُّ .

বাংলা

৪৪১৪. মুহাম্মদ ইবন কাছীর (রহঃ) .... আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পরিবারের মধ্যে হতে কারো একটি দাসী যিনা করলে, তিনি বলেনঃ হে আলী! তুমি তাকে নিয়ে যাও এবং তার উপর হদ কায়েম কর। তখন আমি তার কাছে উপস্থিত হয়ে দেখতে পাই যে, তার রজঃস্রাব হচ্ছে এবং তা বন্ধ হচ্ছে না। তখন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলে, তিনি জিজ্ঞাসা করেনঃ হে আলী! তুমি কি তাকে শাস্তি দিয়েছ? তখন আমি বলঃ আমি তার কাছে গিয়ে দেখতে পাই যে তার রজঃস্রাব হচ্ছে। তিনি বলেনঃ তুমি তার রক্ত বন্ধ না হওয়া পর্যন্ত অপেক্ষা কর, এরপর তাকে শাস্তি দেবে। তিনি আরো বলেনঃ তোমরা তোমাদের দাসীদের উপর হদ কায়েম করবে, (যদি তারা যিনা করে)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেনঃ আবুল আহওয়াস - আবদুল আলা (রহঃ) থেকে এরুপ বর্ণনা করেছেন। আর শু'বা (রহঃ) - আবদুল আলা (রহঃ) থেকে যা বর্ণনা করেছেন, তাতে রয়েছেঃ যতদিন সে সন্তান প্রসব না করে, ততদিন তাকে মারবে না। রাবী বলেনঃ প্রথম বর্ণনাটি সঠিক।

## English

Narrated Ali ibn AbuTalib:

A slave-girl belonging to the house of the Messenger of Allah (ﷺ) committed fornication. He (the Prophet) said: Rush up, Ali, and inflict the prescribed punishment on her. I then hurried up, and saw that blood was flowing from her, and did not stop. So I came to him and he said: Have you finished inflicting (punishment on her)? I said: I went to her while her blood was flowing. He said: Leave her alone till her bleeding stops; then inflict the prescribed punishment on her. And inflict the prescribed punishment on those whom your right hands possess (i.e. slaves).

Abu Dawud said: A similar tradition has been transmitted by Abu al-Ahwas from 'Abd al-A'la, and also by Shu'bah from 'Abd al-A'la. This version has: He said: Do not give her beating until she gives birth to a child. But the former (version) is sounder.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন